

Times Today BD

এসকে সোহেল | জেলার খবর | 26 March, 2025

বাগেরহাটের মোংলায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে কোস্টগার্ডের যুদ্ধ জাহাজ বিসিজি জনসাধারণের জন্য উন্মুক্ত করা হয়েছে। বুধবার (২৬ মার্চ) দুপুর ১২ টা হতে বিকেল ৪ টা পর্যন্ত মোংলার দিগরাজ এলাকায় কোস্টগার্ডের ঘাটে জাহাজটি উন্মুক্ত রাখা হয়। দুপুর ১২টার সাথে সাথে বিভিন্ন স্থান থেকে দর্শনার্থীরা আসেন জাহাজ দেখতে তারা জাহাজের বিভিন্ন খুঁটিনাটি বিষয় দেখেন। যুদ্ধ জাহাজসমূহ সম্পর্কে মানুষের কৌতূহল এবং বিভিন্ন প্রশ্নের জবাব দেন দায়িত্বশীল কর্মকর্তা এবং নাবিকগণ। জাহাজের গভীর সমুদ্রে গমন ও উপকূলীয় এবং নদী তীরবর্তী অঞ্চলে টহল প্রদান, উদ্ধার ও অনুসন্ধান কর্মকাণ্ড, অবৈধ অনুপ্রবেশ ও চোরাচালান রোধ, জলদস্যুতা দমন, মৎস্য ও প্রাকৃতিক সম্পদ রক্ষা এবং যুদ্ধ কৌশল সম্পর্কে জানতে পেরেছে সাধারণ মানুষ। উন্মুক্ত যুদ্ধ জাহাজ দেখে সন্তোষ প্রকাশ তারা।

রুহুল আহমেদ নামের এক দর্শনার্থী বলেন, আসলে যুদ্ধ জাহাজের প্রতি সবার আকর্ষণ থাকে। এবার জাহাজে উঠে দেখলাম। জাহাজে কোস্টগার্ডের কর্মকর্তারা আমাদের জাহাজ সম্পর্কে অনেককিছু বলেছেন। জাহাজ সম্পর্কে আমরা অনেককিছু জানতে পেরেছি। শুধু কয়েক ঘন্টার জন্য না রেখে যদি দিনব্যাপি রাখা হয় তাহলে আরও অনেক বেশি মানুষ জাহাজের সৌন্দর্য উপভোগ করতে পারবে।

বাংলাদেশ কোস্ট গার্ডের মিডিয়া কর্মকর্তা লেঃ কমান্ডার মোঃ সিয়াম-উল-হক বলেন, ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস। প্রতি বছর এ দিনটি বাঙালি জাতি বিশেষভাবে পালন করে থাকে। এ উপলক্ষে প্রতি বছরের মত এবারও দুপুর ১২ টা হতে বিকেল ৪ টা পর্যন্ত আমরা দেশের বিভিন্ন স্থানে ৬টি যুদ্ধ জাহাজ উন্মুক্ত রেখেছিলাম। জন সাধারণ জাহাজগুলো দেখেছে। তারা খুশি হয়েছেন।

যুদ্ধ জাহাজ দর্শনার্থী কোস্টগার্ড স্বাধীনতা দিবস

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 April, 2025 02:32

URL: <https://timestodaybd.com/countrywide/10502750>